

“কৃষিই সমৃদ্ধি”



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সাধারণ পরিচর্যা বিভাগ)

www.badc.gov.bd


স্মারক নং- ১২.২০৬.০০৬.০০.০০.১৩৩.২০১০-২৭৮২

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

পুরাতন/অকেজো মালামাল বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, আগামী ০৬ আগস্ট ২০১৯ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় বিএডিসির সাধারণ পরিচর্যা বিভাগের আওতাধীন ৪০ (চল্লিশ) প্রকার পুরাতন/অকেজো মালামাল যেমন: ভাঞ্জা চেয়ার, ভাঞ্জা টেবিল, ভাঞ্জা খাট, কাঠের আলমারি, ফাইল কেবিনেট, স্টিলের চেয়ার, লোহার জানালা, লোহার গ্রিল, প্রিন্টার, মনিটর, সিপিউসহ অন্যান্য কাঠের, লোহার ও ইলেকট্রনিক্স মালামাল যেখানে যে অবস্থায় আছে, তার ভিত্তিতে প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে। উক্ত নিলামে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নিলাম ডাকের পূর্বে বিএডিসি শিরোনামে ২০০০/- (দুই হাজার) টাকা (ফেরতযোগ্য নয়) যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে অকুস্থলে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। নিলামে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান ইচ্ছা করলে নিলাম তারিখের পূর্ব দিন পর্যন্ত যে কোন সরকারি কার্যদিবসের সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত সময়ে সহকারী পরিচালক (নিরাপত্তা), মোবাইল নম্বর: ০১৯১৩-০৯৪০৩৩ এর সাথে যোগাযোগ করে কৃষি ভবনস্থ ৩য় তলায় (ব্লক-বি) রক্ষিত মালামালগুলি সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। নিলামে গৃহীত সর্বোচ্চ ডাককারীকে অকুস্থলে ডাকমূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) নিলাম পরিচালনা কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। প্রত্যেক নিলাম ডাককারীকে অকুস্থলে বিক্রয়কৃত মালামালের মোট মূল্যের উপর বিধি মোতাবেক আয়কর এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) নিলাম পরিচালনা কমিটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। বিএডিসি'র কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর অবশিষ্ট সমুদয় মূল্য ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিএডিসি'র অনুকূলে জমা প্রদানপূর্বক নিলামকৃত মালামাল যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে সরবরাহ নিতে হবে। নিলামে অংশগ্রহণকারী কোনভাবে আরোপিত শর্ত পূরণে ব্যর্থ হলে অথবা সম্পূর্ণ মূল্য পরিশোধে ব্যর্থ হলে অথবা নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ নিতে ব্যর্থ হলে তাৎক্ষণিকভাবে পরিশোধিত ডাকমূল্যের ২৫% (পঁচিশ শতাংশ), আয়কর এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ পরিশোধিত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। বিএডিসি সর্বোচ্চ ডাক গ্রহণ করতে বাধ্য থাকবে না এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কার্যক্রম বাতিল/স্থগিত করতে পারবে।

মালামালের বিবরণ, নিলামের শর্তাবলী ও অন্যান্য আনুসংগিক বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করে অবহিত হওয়া যাবে।


(মোহাম্মদ জাব্বারুল ইসলাম)

পরিচিতি নং-০১০০২৬

যুগ্মপরিচালক (সাঃপঃ)

বিএডিসি, ঢাকা

ও

সভাপতি

নিলাম কার্যক্রম পরিচালনা কমিটি

ফোনঃ ০২-৯৫৫১৭১১

ই-মেইলঃ js_cs@badc.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহল প্রচলিত একটি বাংলা ও একটি ইংরেজি পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
২. যুগ্মপরিচালক (সাঃপঃ), বিএডিসি, ঢাকা ও সভাপতি, নিলাম কার্যক্রম পরিচালনা কমিটি।
৩. সহকারী প্রধান প্রকৌশলী (পরিদর্শন), ক্রয় বিভাগ, বিএডিসি, ঢাকা ও সদস্য, নিলাম কার্যক্রম পরিচালনা কমিটি।
৪. উপনিয়ন্ত্রক (অডিট-৫), অডিট বিভাগ, বিএডিসি, ঢাকা ও সদস্য, নিলাম কার্যক্রম পরিচালনা কমিটি।
৫. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৭. সহকারী ব্যবস্থাপক (অর্থ), বিএডিসি, ঢাকা ও সদস্য, নিলাম কার্যক্রম পরিচালনা কমিটি।
৮. সহকারী পরিচালক (নিরাপত্তা), বিএডিসি, ঢাকা।
৯. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১০. অফিস কপি/ মাস্টার ফাইল।

হাসিনা
২৬/৭/১৯

(মোস্তুফা শওকত আল-ফয়সল)

পরিচিতি নং-০১০০৫৫

উপপরিচালক (সাঃপঃ)

বিএডিসি, ঢাকা

ও

সদস্য সচিব

নিলাম কার্যক্রম পরিচালনা কমিটি

ফোনঃ ০২-৯৫৫২৭৬৩

ই-মেইলঃ jscsbadc@gmail.com